


The Art of Wealth Creation

Light
of
Hope | Ventures

Learn Personal Investment
from a Serial Entrepreneur



WALIULLAH BHUIYAN

লেখক সম্পর্কে

গত ১০ বছর ধরে আমি ২টা প্রাইভেট লিমিটেড কোম্পানি বিন্ড করেছি। সেই কোম্পানিগুলোর আন্ডারে বেশ কিছু জনপ্রিয় ব্র্যান্ড আমরা তৈরি করেছি।

Waliullah Bhuiyan

National SME Award Winner 2023 as Best Entrepreneur.



Founder & Chairman

Light of Hope

Founding Director



Co-Founder



Ex-Manager



Education & Training



15+ Years Experience working in Education & Skills, Tech, Renewable Energy, Climate Change, Employment sectors.

Light
of
Hope
Ventures.

Brands I have built



100+ Products
5 Categories
90 Countries

5 Courses
5000+ Graduates
5 Countries

6 Parenting Services
300K+ Users
20+ Partners

30+ Courses
30K+ Trained

700 Libraries
300K+ Children

মেন্টর এবং ইনভেস্টর হিসাবে আমি এখন আরও উদ্যোক্তাদের সাপোর্ট করছি। উদ্যোক্তাদের ইনভেস্টমেন্ট ম্যাচমেকিং, ফান্ড রেইজিং, বিজনেস মেন্টরশিপ এবং বিজনেস গ্রোথ সাপোর্ট দেয়ার জন্য চালু করেছি Light of Hope Ventures. গত কয়েকবছরে ৩০০+ ফাউন্ডারকে তাদের বিজনেসে সাপোর্ট দিয়েছি। পাশাপাশি এখন নিজে ইনভেস্ট করছি।

আমার সাথে কানেক্টেড থাকতে সরাসরি আমার লিংকডইন প্রোফাইল ফলো করুন।

<https://www.linkedin.com/in/waliullahbhuiyan/>

বইটি সম্পর্কে লেখকের কথা

আমার আশেপাশের অনেক মানুষকে আমি ভুল ইনভেস্ট করে টাকা হারাতে দেখেছি।

সেটা শেয়ার মার্কেট থেকে শুরু করে বিভিন্ন ভুয়া প্রতিষ্ঠানে, কিংবা বিভিন্ন ট্রেডিং প্ল্যাটফর্মে।

যারা টাকা হারিয়েছে এবং হারাচ্ছে, তারা কেউ বোকা না। তারা উচ্চ শিক্ষিত, স্মার্ট এবং নলেজেবল। কিন্তু যখনই বিনিয়োগের প্রশ্ন আসছে, তারা সিদ্ধান্ত নিচ্ছে আবেগের বশে।

কারণ স্কুল থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় – কোথাও আমাদের বেসিক ফাইন্যান্সিয়াল লিটারেসি শেখানো হয় না। বিজনেস কোন থিওরি নয়, এটা একটা প্রাক্টিক্যাল ফিল্ড। আমি তাই বিনিয়োগকারীদের দোষ দেই না, আমি দোষ দেই আমাদের শিক্ষা ব্যবস্থার।

এদিকে লক্ষ লক্ষ মানুষ টাকা ইনভেস্ট করে, হাজার কোটি টাকা হারাচ্ছে, অন্যদিকে ভালো ফাউন্ডাররা টাকার অভাবে নিজেদের বিজনেসকে স্কেল করতে পারছে না।

আমি নিজে একজন উদ্যোক্তা। পাশাপাশি গত কয়েক বছর ধরে নিজে মেন্টর করছি উদ্যোক্তাদের। খুব সাম্প্রতিক নিজেও ইনভেস্ট করা শুরু করেছি।

নিজে ইনভেস্টর হিসাবে আমার খুব ক্লিয়ার প্ল্যান আছে আমি কাকে, কেন, কিভাবে বিনিয়োগ করতে চাই। কিন্তু খুব কম মানুষ আছে যারা ১ লাখ টাকায় মাসে কত আসবে – এর বাইরে চিন্তা করতে পারেন কিংবা চিন্তা করেন।

আর এই চিন্তা থেকেই শুরু হয় প্রথম ভুল। সেই ভুলের মাসুল দিতে হয়, লক্ষ লক্ষ টাকা হারিয়ে। যে ফাইন্যান্সিয়াল ইন্ডিপেন্ডেন্স অর্জনের লক্ষ্য নিয়ে একজন মানুষ ইনভেস্ট শুরু করে, সে নিজের বিনিয়োগ তো হারায়ই, সাথে হারায় নিজের সেভিং, নিজের জমিজমা এবং অন্যান্য সম্পদ।

এই বইয়ে আমি বিস্তারিতভাবে ধাপে ধাপে দেখিয়েছি কিভাবে বিনিয়োগ করতে হয়। কিভাবে ফাউন্ডারকে, কোন সেক্টরকে, কোন বিজনেসকে এসেস করতে হয়। কিভাবে নিজের ইমোশনকে সাইডে রেখে যুক্তি দিয়ে ইনভেস্টমেন্ট ডিসিশন নিতে হয়।

আমি লেখার পাশাপাশি বিভিন্ন ভিডিও, পডকাস্টের লিংক দিয়েছি। এগুলো থেকে পাঠকরা আরও বিস্তারিত জানতে পারবে।

উদ্যোক্তারা জানতে পারবে কিভাবে বিনিয়োগকারীকে আকৃষ্ট করতে হয়। অন্তত সঠিক বিনিয়োগকারীদের। সবাই ভালো বিনিয়োগকারী নয়। তাই বিনিয়োগ নেয়ার সময়ও একজন উদ্যোক্তাকে সচেতন থাকতে হবে, কার থেকে আপনি বিনিয়োগ নিচ্ছেন।

হ্যাপি ইনভেস্টিং।

Book Chapters

Chapter 0 – Million Dollar Wisdom.....	7
Chapter 1: The New Age of Investing	14
Chapter 2: The Investment Reality in Bangladesh	17
Chapter 3: The Mindset of Great Investors	23
Chapter 4: How to Assess a Business Quickly	26
Chapter 5: How to Assess a Founder	31
Chapter 6: Designing Your Investment Strategy.....	37
Chapter 7: Avoiding Common Investment Mistakes	41
Chapter 8: Principles for Financial Independence	42
Chapter 9: Investment Case Studies (Bangladesh Examples)	46
Chapter 10: The Investor’s Toolkit.....	49
Chapter 11: From Fear to Freedom	52

বইয়ের কনটেন্ট ও ভাষা

এই বইটি লেখার আগে আমি গত ১ বছর ধরে পড়াশুনা করেছি। নিজে বিনিয়োগ শুরু করার আগে আমি অন্তত কয়েকশত উদ্যোক্তাকে মেন্টর করেছি। বিভিন্ন সেক্টর সম্পর্কে ভালোভাবে ধারণা নিয়েছি।

গত ১০ বছর ধরে দুইটা কোম্পানি জিরো থেকে বিন্দু করা, কয়েকটি জনপ্রিয় ব্র্যান্ড তৈরি করার অভিজ্ঞতাকে কাজে লাগিয়েছি।

বিশ্বের নামকরা সব ইনভেস্টরদের ইনভেস্টমেন্ট থিসিস থেকে শিখেছি। ওয়ারেন বাফেট থেকে শুরু করে পিটার লিনচ কিভাবে বিনিয়োগ করেছেন সেগুলো থেকে লার্নিং নিয়েছি।

এমনকি হালের জনপ্রিয় এবং সফল ভ্যালু ইনভেস্টর ক্যাথি উড তার Ark Invest থেকে কিভাবে disruptive company গুলোতে প্রাইভেট ইনভেস্টমেন্ট করার ক্ষেত্রে রিসার্চ করে – সেখান থেকেও ইন্সপায়ারেশন নিয়েছি।

তাই এই বইয়ে যা আমি লিখেছি, তার খুব অল্পই আমার নিজের অরিজিনাল থিসিস। হ্যাঁ, গ্লোবাল ইনভেস্টরদের থেকে আমি শিখে বাংলাদেশে ছোট ও মাঝারি বিজনেসে কিভাবে ইনভেস্ট করা যায়, সেটা আমি শেয়ার করেছি।

গত ১০০ বছরের ইনভেস্টমেন্ট নলেজকে আমি সহজভাবে উপস্থাপন করেছি একটা স্টেপ বাই স্টেপ গাইড হিসাবে।

বইয়ের ভাষা ইংরেজি ও বাংলা দুইটাই আছে।

মোট ১১টি চাপ্টারে ভাগ করা এই বইয়ের মূল কনটেন্ট ইংরেজিতে রেখেছি। কারণ আন্তর্জাতিক এই ভাষাতেই ইনভেস্টমেন্ট ও ফাইন্যান্স টার্মগুলো সহজে বুঝানো যায়। আমার নিজের বাংলা ভোকাবুলারি এই বিষয়ে দুর্বল।

পাশাপাশি ইনভেস্টমেন্ট একটা সিরিয়াস বিষয়। এটাকে হুমায়ুন আহমেদের সহজপাচ্য ২ ঘন্টার গল্প বানিয়ে ফেলতে চাইনি। আমি চেয়েছি যারা পড়বেন বইটি তারা যেন সময় নিয়ে ধীরে ধীরে বইটি পড়েন। এবং বার বার পড়েন।

নিজের ইনভেস্টমেন্ট অভিজ্ঞতা বাংলাতেই লিখেছি। যেহেতু ইনভেস্টমেন্ট সব বাংলাদেশি ফাউন্ডার ও কোম্পানিতে করেছি, সেটার আবেদন বাংলাতেই ভালো হবে বলে মনে হয়েছে।

লেখাগুলো আগেও সোস্যাল মিডিয়াতে লেখা হয়েছিল। সেগুলোকে একসাথে করেছি এই বইয়ের জন্য।

তাহলে চলুন শুরু করি – **The Art of Wealth Creation.**

আপনার-আমার এবং ইলোন মাস্ক – আমাদের সবারই ২৪ ঘন্টা দিনে সময়। দিনে ১৮ ঘন্টার চেয়ে বেশি কাজ করা তো সম্ভব না। তাহলে ইলোন মাস্ক কিভাবে প্রতিদিনের ২৪ ঘন্টায় আমার-আপনার চেয়ে বেশি জিনিষ শেষ করে? নিজে নিজে সব করে? না।

সে অন্যর সময়কে leverage করে। সে হায়ার করে সেরা সব মানুষ, নেটওয়ার্ক তৈরি করে দেশের সবচেয়ে ক্ষমতাধর মানুষদের সাথে। তাদেরকে দিয়ে সে কাজ করিয়ে নেয়। এভাবেই নিজের প্রতিদিনের ২৪ ঘন্টাকে ২৪,০০০ ঘন্টাতে রূপ দেয়।

Leverage মূলত ২ ধরনের হয়। একটার উৎস আপনি নিজে। অন্যগুলোর উৎস অন্যরা।

নিজের যেগুলো আপনি leverage করতে পারবেন?

1. Leverage your knowledge
2. Leverage your network
3. Leverage your position

অন্যের কোন জিনিষগুলো আপনার leverage করতে হবে।

1. Leverage other's time
2. Leverage other's capital/money

অন্যের সময়কে কাজে লাগানোর ব্যাপারে আগেই বলেছি। এখন বলছি, অন্যের টাকাকে ব্যবহার করার ব্যাপারে। ধনীরা ধনী হয় অন্যের টাকা ব্যবহার করে।

ধনীরা ব্যাংক থেকে লোন নেয়। সেই টাকা ব্যবহার করে নিজের বিজনেসে, কিংবা অন্যর বিজনেসে। ব্যাংকে টাকা রাখে মধ্যবিত্ত। সেই টাকা রেখে সে বছরে কিছু রিটার্ন পায়। সেই রিটার্ন দিয়ে কোনমতে ইনফ্লেশনকে ম্যাচ করা যায়। আমাদের দেশে অনেকসময় সেটাও কঠিন হয়ে দাঁড়ায়।

কিন্তু ধনীরা ব্যাংক থেকে সবচেয়ে কম রেটে লোন নিয়ে নিজের নেটওয়ার্কের বিজনেসে ইনভেস্ট করে সবচেয়ে বেশি রিটার্ন পায়।

একজন ক্ষুদ্র বা মাঝারি উদ্যোক্তা সেই টাকা লোন নিতে চাইলে, ব্যাংক তাকে দেয় না। আর দিলেও এতো বেশি ইন্টারেস্ট চার্জ করে যে তার জন্য সেটা নেয়া কঠিন হয়ে যায়।

The Power of Compounding

Year	Investment (BDT)	Growth Rate (15%)	Value (End of Year)
1	100,000	15%	115,000
5	—	—	201,000
10	—	—	405,000
15	—	—	810,000
20	—	—	1,630,000

"Compounding is the eighth wonder of the world. Those who understand it, earn it; those who don't, pay it." — Albert Einstein

Lessons from the Masters

Investor	Core Principle	Application in Bangladesh
Warren Buffett	Invest in businesses with durable advantage	Look for SMEs with loyal customers and steady cash flow
Charlie Munger	Focus on rational decision-making	Remove emotion; focus on evidence
Peter Lynch	Invest in what you know	Invest in local sectors you understand
Benjamin Graham	Margin of safety	Always leave room for uncertainty

Key Takeaway

"Great investing is not about being smart; it's about being patient, disciplined, and humble."



আমার প্রথম ইনভেস্টমেন্ট!!
কোন কোন জিনিস বিবেচনা
করে ইনভেস্ট করলাম?



জুলাই ১৮, ২০২৫

ইনভেস্ট করে অনেকেই ধরা খাচ্ছেন। তাই এই পোস্টে আমি আমার প্রথম ইনভেস্টমেন্ট করার সময় কিভাবে কোম্পানিকে যাচাই করেছি, সেটা শেয়ার করলাম। আমার প্রথম ইনভেস্টমেন্ট [TYLO](#) তে। তারা ছেলেদের প্লাস-সাইজের পোশাকের ব্র্যান্ড। এখন ১০০% অনলাইন।

ইনভেস্টমেন্টের আগে যে ৭টি জিনিস বিবেচনা করলাম। আপনিও এগুলো যাচাই করতে পারেন নিজে ইনভেস্ট করার ক্ষেত্রে।

১। Market Research - মার্কেট যাচাইঃ টিপিক্যাল আরেকটা ফ্যাশন ব্র্যান্ড হলে আমি আগ্রহ দেখাতাম না। কিন্তু তারা একটা নিশ বেছে নিয়েছে। আমি ব্র্যান্ড তৈরির ক্ষেত্রে নিশকে প্রাধান্য দেই। যেহেতু দেশে overweight & obesity বাড়তেসে, তার মানে প্লাস-সাইজের পোশাকের ডিমান্ড বাড়বে। স্টাডি করে দেখলাম বাংলাদেশে বর্তমানে ৩০% মানুষ অভারওয়েট এবং স্কুল। এটা সামনে আরও বাড়বে। তার মানে এই নিশে ব্র্যান্ড বিল্ড করতে পারলে বড় বিজনেস তৈরি করা সম্ভব।

তাই নিজেই ইনভেস্ট শুরু করেছি। এবং সেগুলোতে কেন বিনিয়োগ করেছি, কী বিবেচনা করেছি বিনিয়োগের সময়ে - এগুলো শেয়ার করছি। যেন এই লেখাগুলো থেকে নিজেরা শিখে সঠিকভাবে পরবর্তী ইনভেস্ট বা বিনিয়োগ করতে পারে।

আমি যেগুলোতে ইনভেস্ট করেছি, আপনাকে সেগুলোতেই করতে হবে না। আপনি যেখানেই ইনভেস্ট করবেন, তার পিছনে আপনার নিজেরও এমন এনালাইসিস থাকতে হবে।



Men's Plus Size
Fashion



Men's Modest
Fashion

MERAKI

Shoe Brand for
Women and Girls

Chardike

Beauty & Makeup
Business & Brand



Onion Harvest and
Storage Project



Purchase Spray
Machine for Farmers



Grocery & FMCG Supply
for Local Restaurants



Manufacturing of
Wooden Toys for Kids



Onion Harvest and
Storage Project



Purchase Spray
Machine for Farmers



Grocery & FMCG Supply
for Local Restaurants



Manufacturing of
Wooden Toys for Kids